

. বাঙ্গালত্ৰ .ব মহ াস্চ বকে অন্নগজে টলির চিঠি

অরুণ জেটলি

রাজ্যসভার সদস্য

বিরোধী দলনেতা, রাজ্যসভা

৪৩, পার্লামেন্ট স্ট্রিট

নয়াদিল্লি-১১০ ০০১

টেলি: ২৩০১৬৭০৭, ২৩৯০৩৪৮৮৫৩

ফ্যাক্স: ২৩৭৯৩৪৩৩

ডিসেম্বর ৫, ২০১৩

মহাসচিব,

রাজ্যসভা,

পার্লামেন্ট হাউস,

নয়াদিল্লি- ১১০ ০০১

মহাশয়,

নির্দিষ্ট কিছু ভূখণ্ড ভারত ও বাংলাদেশের সঙ্গে হাতবদল করার বিষয়ে বিদেশমন্ত্রী সলমন খুরশিদ সংবিধান সংশোধন সহ একটি বিল আনতে চেয়েছেন। এ নিয়ে ১১৯তম (সংবিধান সংশোধন বিল, ২০১৩) বিল আনা হচ্ছে। আমি এই বিল পেশ করার বিপক্ষে। আমার প্রতিবাদের কারণ হল, সংবিধান সংশোধন করে ভারতের ভূখণ্ড অদলবদল করার অধিকার সংসদের নেই। সংবিধানের ৩৬৮ নম্বর ধারায় সংবিধান সংশোধন করার ক্ষমতা বিধিবদ্ধ করা রয়েছে। সেখানে বলা রয়েছে, সংবিধানের মূল কাঠামোর পরিবর্তন করা যাবে না। আমার আপত্তির কারণ, ১৯৭৩-এর পর সুপ্রিম কোর্ট সংবিধানের মূল কাঠামো নির্ধারণ করা নিয়ে এক রাস্তা বলেছে, ভারতের ভূখণ্ড ভারতীয় সংবিধানের মূল ভিত্তির অবিচ্ছেদ্য অংশ। ভারতের অঞ্চল ভারতীয় সংবিধানেরই অংশ। তাই সংবিধান সংশোধন করে এই অংশ কমানো বা বাড়ানো যাবে না।

এই বিল পেশের বিরোধিতা করার জন্য আমাকে অনুমতি দেওয়া হোক।

ভবদীয়,

অরুণ জেটলি